

অগ্নয় দীক্ষিত কৃত
সিদ্ধান্তলেশ-সংগ্রহ

(সটীক বঙ্গানুবাদ)

অনুবাদক
স্বামী গম্ভীরানন্দ



উদ্বোধন কার্যালয়
কলকাতা

নিবেদন

শ্রীমদগ্নয়দীক্ষিত-বিরচিত ‘সিদ্ধান্তলেশ-সংগ্রহ’ অদ্বৈতমতবাদের একখানি অতি উপাদেয় সংগ্রহগ্রন্থ। ভগবৎপাদ শঙ্করাচার্যের পরবর্তী আচার্যগণ মূল অদ্বৈতসিদ্ধান্তে একমত হইলেও ভগবৎপাদের বিভিন্ন উক্তিসম্বন্ধে গভীর গবেষণার ফলে বিবিধ বিষয়ে অনেক অবাস্তর মতবাদের সৃষ্টি করিয়াছেন। আপাতবিরোধ সত্ত্বেও এই সমস্ত মতবাদই মূল তত্ত্বের উপর অপূর্ব আলোকসম্পাত করে বলিয়া অদ্বৈতসম্প্রদায়ে ইহার বহুল আলোচনা হইয়া থাকে। দীক্ষিত অতি বিশ্বস্ততার সহিত দুর্লভ গ্রন্থাদি হইতে এই সকল মতবাদ সংগ্রহ করিয়া নিপুণভাবে এই গ্রন্থে লিপিবদ্ধ করিয়াছেন। ইহাতে বেদান্তসাধন ও বেদান্তাধ্যাপনের পথ সুগম হইয়াছে এবং বেদান্তসম্প্রদায়ে ইহা একখানি অত্যাৱশ্যক নিবন্ধ-গ্রন্থ বলিয়া স্বীকৃত হইয়াছে।

এই উপাদেয় গ্রন্থের সম্পূর্ণ অনুবাদ পূর্বে বঙ্গভাষায় বাহির হয় নাই। ইংরেজীতে ইহার অনুবাদ করিয়াছেন শ্রীযুক্ত সূর্যনারায়ণ শাস্ত্রী এবং হিন্দী অনুবাদ বাহির হইয়াছে গোরক্ষপুরের গীতা প্রেস হইতে। আমরা এই উভয় অনুবাদেই সাহায্য লইয়াছি এবং শ্রীমৎ স্বামী কৃষ্ণানন্দ তীর্থের টীকার উপর বিশেষ নির্ভর করিয়াছি। সর্বোপরি স্বামী ওঙ্কারানন্দজী ইহার পাণ্ডুলিপি আছোপান্ত সংশোধন করিয়াছেন এবং স্থানে স্থানে টীকাদি সংযোজিত করিয়াছেন। নানাভাবে আমরা অপর অনেকেরও সাহায্য পাইয়াছি। এখানে ইহাও বলা আবশ্যক যে, পাঠকসমাজে অগ্রপ্রকার পুস্তকের তুলনায় এই জাতীয় গ্রন্থের প্রচলন অতি অল্প। এই কারণে এই অনুবাদ দীর্ঘকাল পূর্বে সম্পন্ন হইয়া থাকিলেও প্রকাশে বিলম্ব হইল। তথাপি অনুসন্ধিৎসু পাঠকগণের তৃপ্তিসাধন হইলে অনুবাদক, সম্পাদক, প্রকাশক প্রভৃতি সকলেরই এই নিঃস্বার্থ শ্রম সার্থক হইবে। ইতি—

গম্ভীরানন্দ

মায়াবতী, আলমোড়া

৮নবমীপূর্ণিমা, ১৩৬৫